দৈনিক
ইত্তেফাক

তারিখ: 25 JUN 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ৬

# প্রতি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল হচ্ছে

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সুযোগ প্রসারিত করতে প্রতিটি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপনের কার্যক্রম গ্রহণ করেছে সরকার। প্রথম পর্যায়ে ১শ' উপজেলায় এ ধরনের স্কুল স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। দ্বিতীয় পর্যায়ে, অবশিষ্ট ৩৮৯টি উপজেলায় স্কুল স্থাপনের লক্ষ্যে গৃহীত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

গতকাল শুক্রবার তেজগাঁওয়ে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের বঙ্গবন্ধু মিলনায়তনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের সাথে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতায় এ কথা বলেন।

অনুষ্ঠানে ১১৯টি সরকারি পলিটেকনিক ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষগণ কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অশোক কুমার বিশ্বাসের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। শিক্ষাসচিব সোহরাব হোসাইনও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সরকারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২০ সাল নাগাদ মোট শিক্ষার্থীর ২০ শতাংশ কারিগরি শিক্ষায় নিয়ে আসা গেলে দেশে বেকারত্ব অনেকাংশে দূর হবে। তিনি বলেন, গত সাড়ে ৭ বছরে মন্ত্রণালয়ের বিভিন্ন পদক্ষেপের ফলে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ১ শতাংশ থেকে ১৩ শতাংশে উন্নীত করা সম্ভব হয়েছে। দেশকে উন্নত বিশ্বের কাতারে নিয়ে যেতে হলে মোট শিক্ষার্থীর অর্ধেকের বেশি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় নিয়ে আসতে হবে বলে মন্ত্রী জানান।